ঝিনাইদহে ৩ দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি বিভাগের পক্ষ থেকে এ মেলার উদ্বোধন করা হয়।

এ উপলক্ষে সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

অনুষ্ঠানে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ ষষ্টী চন্দ্র রায়, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, কৃষি কর্মকর্তা নূর-এ-নবী, সদর উপজেলা অতিরিক্ত কৃষি অফিসার মুহাম্মদ জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানায়, কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় ৩ দিন ব্যাপী এ মেলার উদ্বোধন করা হয়েছে। এতে জেলা ও উপজেলার ২০ টি স্টল প্রদর্শণ করা হয়েছে। এতে সদর উপজেলার বিভিন্ন গ্রামের কৃষক তাদের উৎপাদিত ফসল প্রদর্শণ করেছেন। আগামী শুক্রবার এ মেলার সমাপনী অনুষ্ঠিত হবে।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩ দিন ব্যাপী কবি নজরুল মেলার উদ্বোধন

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ৩দিন ব্যাপী কবি নজরুল মেলা উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে তিন দিন ব্যাপী কবি নজরুল মেলা ২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে